

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

চট্টগ্রাম সেনানিবাস

বিজ্ঞপ্তি

১। যে সকল শিক্ষার্থী এস.এস.সি-২০২০ পরীক্ষায় বৃত্তি পেয়েছে, তাদের বিস্তারিত তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর MIS Software এ এন্ট্রি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানের ওয়েবসাইট হতে নির্ধারিত ফরম ডাউনলোড পূর্বক পূরণ করে আগামী ১৪ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে শ্রেণি শিক্ষকের নিকট সরাসরি/ অনলাইনে (ই-মেইল/ ওয়াটস অ্যাপে) জমা দিতে বলা হচ্ছে।

২। যে সকল শিক্ষার্থী সিসিপিসি ব্যতীত অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেয়েছে তাদেরকে নির্ধারিত ফরমটি পূরণের পাশাপাশি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বৃত্তির গেজেটের সত্যায়িত ফটোকপি ও প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৩। মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূরণকৃত ফরম সরাসরি হিসাব শাখায় জমা দিতে হবে।

৪। ক। শিক্ষার্থীদেরকে বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে নিজ নামে/ ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা-মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে।

খ। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।

গ। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।

ঘ। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে।

ঙ। বিকাশ, শিউর ক্যাশ, নগদ, টি-ক্যাশসহ এ ধরনের এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না।

৫। শিক্ষার্থীদের সুবিধা বিবেচনায় ব্যাংক হিসাব খোলার জন্য আগামী ১১ জানুয়ারি ২০২০ তারিখে প্রতিষ্ঠানের হিসাব শাখায় ব্যাংকের ০১ জন কর্মকর্তা উপস্থিত থাকবেন। ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় কাগজপত্রসমূহ:

- শিক্ষার্থীর ছবি (০৩ কপি)
- পিতা/মাতার ছবি (০২ কপি)
- নমিনির ছবি (০১ কপি)
- জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ০১ কপি।
- ছাত্র-ছাত্রীদের আইডি কার্ড/ একাদশ শ্রেণিতে ভর্তি স্লিপের ফটোকপি ০১ কপি।
- পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ০১ কপি।
- নমিনির এনআইডির কপি ০১ কপি।
- হিসাব নম্বর খোলার জন্য ১০০/- (একশত) টাকা। (বয়স ১৮ বছরের বেশি হলে ৫০০/-)

৬। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অফিস সময়ে (সকাল ৯.০০ থেকে দুপুর ২.৩০) কলেজ শাখার হিসাব হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে। (হেল্পলাইন নম্বর: ০১৭৭০-২৩৬৩৪৬)